



তথ্য কমিশন

এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, ঢাকা

cic@infocom.gov.bd,

www.infocom.gov.bd

স্মারক নম্বর: ১৫.৫১.০০০০.৬০২.০২.০০২.১৮.১৯

তারিখ: ৫ আশ্বিন ১৪২৮

২০ সেপ্টেম্বর ২০২১

বিষয়: আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২১ উদযাপন উপলক্ষে আগামী ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ প্রহৃত্ত ভবন মিলনায়তনে অনুষ্ঠেয় পুরস্কার বিতরণী অনুষ্ঠানে পুরস্কারের জন্য মনোনীত বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারবৃন্দকে ঢাকায় আসার অনুমতি প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস- ২০২১ উদযাপন উপলক্ষে আগামী ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখ ঢাকাস্থ আগারগাঁও এ অবস্থিত প্রহৃত্ত অধিদপ্তরের মিলনায়তনে (এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা) বেলা ৩:০০ ঘটিকা হতে ৫:৩০ ঘটিকা পর্যন্ত আলোচনা সভা (স্বাস্থ্যবিধি মেনে) অনুষ্ঠিত হবে। উক্ত অনুষ্ঠানে তথ্য অধিকার আইন বাস্তবায়নে উল্লেখযোগ্য অবদানের জন্য পুরস্কার প্রদান করা হবে।

০২। উক্ত অনুষ্ঠানে মাননীয় তথ্য ও সম্প্রচার মন্ত্রী ড. হাছান মাহমুদ, এমপি প্রধান অতিথির আসন অলংকৃত করার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন যথাক্রমে ডা. মো. মুরাদ হাসান, এমপি, মাননীয় প্রতিমন্ত্রী, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং জনাব মোঃ মকবুল হোসেন, পিএএ, সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়। এছাড়াও সরকারের উচ্চ পদস্থ কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধি ও আমন্ত্রিত অতিথিবৃন্দ উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

০৩। এমতাবস্থায়, আন্তর্জাতিক তথ্য অধিকার দিবস-২০২১ উদযাপন উপলক্ষে আগারগাঁও এ অবস্থিত প্রহৃত্ত অধিদপ্তরের মিলনায়তনে অনুষ্ঠেয় আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত হয়ে পুরস্কার গ্রহণের জন্য সংযুক্ত তালিকা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারবৃন্দকে ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে ঢাকায় আসার অনুমতি প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সংযুক্ত: পুরস্কার প্রাপ্তগণের তালিকা-০১ (এক) ফর্দ।

২০-৯-২০২১

সুদত্ত চাকমা

সচিব (সরকারের সচিব পদ মর্যাদায়)

ফোন: ০২-৪৮১১৭৬৭৯

ফ্যাক্স: ৯১১০৬৩৮

ইমেইল:

secretary@infocom.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব

মন্ত্রিপরিষদ বিভাগ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) সচিব, ভূমি মন্ত্রণালয়
- ২) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়
- ৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট
- ৪) তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ বিভাগীয় কমিটি- বরিশাল বিভাগীয় কমিটি
- ৫) বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
- ৬) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা
- ৭) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল
- ৮) তথ্য অধিকার বাস্তবায়নে অবক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটি- ময়মনসিংহ জেলা কমিটি
- ৯) মীর্জা মো: হাসান খসরু, উপপরিচালক (সংস্থাপন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
- ১০) তথ্য অধিকার বাস্তবায়ন ও পরিবীক্ষণ উপজেলা কমিটি-মাগুরা সদর উপজেলা কমিটি
- ১১) জনাব মিজানুর রহমান, সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম
- ১২) উপজেলা কৃষি অফিস, বটিয়াঘাটা, খুলনা
- ১৩) উপজেলা মহিলা বিষয়ক অফিস, পানছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা
- ১৪) একান্ত সচিব, তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ১৫) একান্ত সচিব, প্রধান তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
- ১৬) একান্ত সচিব, তথ্য কমিশনার এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা



২০-৯-২০২১

লিটন কুমার প্রামাণিক  
সহকারী পরিচালক